

**\*অনুশ্রী নাথ এর জীবন সংগ্রাম\***

তথ্যদাতার নাম - অনুশ্রী নাথ

আইডি নম্বর - 005712

বয়স - 20

ঠিকানা - আশ্রম পাড়া, 23 নম্বর ওয়ার্ড

জেলার নাম - বাঁকুড়া



বাঁকুড়া মিউনিসিপালিটির অন্তর্গত 23 নম্বর ওয়ার্ড নিবাসী অনুশ্রী নাথ এবং তাঁর স্বামী বাপি নাথ এক পুত্র আর শ্বশুরি নিয়ে দরিদ্রতার মধ্যে ছোটো সংসার নিয়ে খুবই কষ্টে বসবাস করেন। বাপি নাথ দিনমজুরের কাজ করেন। সবদিন তার কাজ থাকে না। তাই তাদের সংসার চালাতে খুব কষ্ট হয়। অনুশ্রী নাথ সেই মুহূর্তে সংসারের হাল ধরার জন্য পুরুলিয়া জেলা থেকে কমদামে নাইটি, ব্লাউজ, চুড়িদার কিনে এনে পাড়ায় পাড়ায় বিক্রি করতেন। তার প্রতিদিন আয় হতো 150 টাকা থেকে 200 টাকা। অনুশ্রী নাথের ছোটবেলা থেকেই ইচ্ছে ছিলো সেলাই শিখে সে নিজে ব্যবসা করবে।

কিন্তু বেশি রোজগার না থাকার কারণে তার এই ইচ্ছা অপূর্ণ হয়ে গেছে। এরই মধ্যে SIDBI launched AMFI – WB দ্বারা পরিচালিত WE – LEAD project এর কথা তিনি জানতে পারেন। তার পর আমাদের সঙ্গে এনার যোগাযোগ হয়। তারপর এনার WE-LEAD প্রজেক্ট এ নাম নথিভুক্ত করা

হয় এবং বিভিন্ন Awareness program এর মাধ্যমে নানারকম প্রশিক্ষণ এর কথা জানাই। তিনি সব রকম ড্রেড এর মধ্যে টেইলারিং বেছে নেন যেহেতু তার সেটি বহুদিনের স্বপ্ন ছিল। তিনি AMFI - WB পরিচালিত WE -LEAD প্রজেক্ট এ সেলাই প্রশিক্ষণ টি শিখেন এবং তাকে যা হোম ওয়ার্ক দেওয়া হতো তা বাড়িতে ভালো ভাবে প্র্যাকটিস করতেন । সেলাই শেখার শেষমুহূর্তে তার মায়ের কাছ থেকে টাকা ধার নিয়ে 2 টি মেশিন কিনেন। সেলাই প্রশিক্ষণ টি শেষ হবার পরই তিনি নিজে ব্লাউজ, নাইটি,চুড়িদার তৈরি করে বিক্রি করতেন আবার পড়ার দোকান থেকে অর্ডার পেয়েছেন । আমরা তাকে বাঁকুড়া বাজার এলাকার দোকান থেকে অর্ডার ধরিয়ে দিয়েছি। তিনি আর তার স্বামী দুজন মিলে ব্যবসা করেন। এখন প্রতিদিন তার ইনকাম বেড়ে হয়েছে প্রায় 700 থেকে 800 টাকা। WE - LEAD project না থাকলে তার আত্মনির্ভর হওয়ার ইচ্ছা কোনোদিন পূরণ হতো না

